

জলপাইগুড়ি জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতি  
শিল্পসমিতিপাড়া, জলপাইগুড়ি .।


বিজ্ঞপ্তি

স্মারক নং - ২২৫/জল

তারিখ- ১৬.০৮.২০২১

এতদ্বারা জানানো যাইতেছে যে, বেলাকোবা বটতলা উপ-বাজার চত্বরে ১৪৯ টি দোকান ঘড় অফেরৎযোগ্য এককালিন কিস্তি মূল্য ও ভাড়ার ভিত্তিতে, লটারীর মাধ্যমে বন্টন করা হইবে। ইচ্ছুক ব্যক্তিগণকে আগামি ইং- ২০.০৮.২০২১ তারিখ হইতে ২০.০৯.২০২১ তারিখ পর্যন্ত সকাল ১১ টা হইতে বিকাল ৫ টার মধ্যে (ছুটির দিন বাদে ) নির্ধারিত ফর্মে আবেদন করতে অনুরোধ করা যাচ্ছে। আবেদন পত্রের মূল্য ১০০/- (এক শত) টাকা মাত্র। ইচ্ছুক ব্যক্তিগণকে Jalpaiguri Zilla Regulated Market Committee' র অনুকূলে (অফেরৎযোগ্য) ১৫,০০০/- (পনেরোহাজার) টাকার DCR (২৬৮.৬৬ sq. ft. দোকান ঘড়ের জন্য এবং ১০,০০০/- (দশহাজার) টাকার DCR (১২৮.৬৩ sq. ft. ও ১১০.০০ sq. ft দোকান ঘড়ের জন্য) সহযোগে বেলাকোবা কৃষক বাজারের প্রশাসনিক ভবন অফিস ও জলপাইগুড়ি প্রধান কার্যালয়ে জমা দিতে বলা হইতেছে। লটারীতে অসফল ব্যক্তিকে উল্লেখিত DCR ফেরৎ দেওয়া হইবে ।

বিস্তারিত তথ্যাবলীর জন্য বেলাকোবা কৃষক বাজারের প্রশাসনিক ভবন অফিসে ও জলপাইগুড়ি প্রধান কার্যালয়ে যোগাযোগ করুন।

  
16.8.21  
Secretary  
মসিবি  
Jalpaiguri Zilla Regulated Market Committee

জলপাইগুড়ি জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতি

জলপাইগুড়ি জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতি  
শিল্পসমিতিপাড়া, জলপাইগুড়ি।  
বিজ্ঞপ্তি

স্মারক নং - ২২৫/ জল


তারিখ- ১৬.০৮.২০২১

এতদ্বারা জানানো যাইতেছে যে, বেলাকোবা বটতলা উপ-বাজার চত্বরে ১৪৯ টি দোকান ঘড় অফেরৎযোগ্য এককালিন কিস্তি মূল্য ও ভাড়ার ভিত্তিতে, লটারীর মাধ্যমে বন্টন করা হইবে। ইচ্ছুক ব্যক্তিগণকে আগামি ইং- ২০.০৮.২০২১ তারিখ হইতে ২০.০৯.২০২১ তারিখ পর্যন্ত সকাল ১১ টা হইতে বিকাল ৫ টার মধ্যে (ছুটির দিন বাদে) নির্ধারিত ফর্মে আবেদন করতে অনুরোধ করা যাচ্ছে। আবেদন পত্রের মূল্য ১০০/- (এক শত) টাকা মাত্র। ইচ্ছুক ব্যক্তিগণকে Jalpaiguri Zilla Regulated Market Committee' র অনুকূলে (অফেরৎযোগ্য) ১৫,০০০/- (পনেরোহাজার) টাকার DCR (২৬৮.৬৬ sq. ft. দোকান ঘড়ের জন্য) এবং ১০,০০০/- (দশহাজার) টাকার DCR (১২৮.৬৩ sq. ft. ও ১১০.০০ sq. ft. দোকান ঘড়ের জন্য) সহযোগে বেলাকোবা কৃষক বাজারের প্রশাসনিক ভবন অফিস ও জলপাইগুড়ি প্রধান কার্যালয়ে জমা দিতে বলা হইতেছে। লটারীতে অসফল ব্যক্তিকে উল্লেখিত DCR ফেরৎ দেওয়া হইবে। বিস্তারিত তথ্যাবলীর জন্য বেলাকোবা কৃষক বাজারের প্রশাসনিক ভবন অফিসে অথবা জলপাইগুড়ি প্রধান কার্যালয়ে যোগাযোগ করুন।

নিয়মাবলী :-

- ১। দোকানঘরগুলি লটারীর মাধ্যমে বন্টিত করা হবে।
- ২। দোকানের সংখ্যা - এক তলায় ২৬৮.৬৬ বর্গ ফুট মাপের ৪২ টি, দুই তলায় ১২৮.৬৩ বর্গ ফুট মাপের ৮৪ টি এবং ১১০ বর্গ ফুট মাপের ২৩টি এক তলায় (পুরাতন)।
- ৩। আবেদনকারীকে অবশ্যই জলপাইগুড়ি জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতির বৈধ বা চালু লাইসেন্স ধারী হইতে হইবে।
- ৪। আবেদনপত্রের (নির্ধারিত বয়ান) সাথে দিতে হবে -
  - a) আবেদনকারির বৈধ ট্রেড লাইসেন্স।
  - b) ভোটার কার্ডের জেরস্ব কপি।
  - c) জলপাইগুড়ি জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতির বৈধ বা চালু লাইসেন্স।
  - d) আধার কার্ডের জেরস্ব কপি।
  - e) সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজ ছবি জমা দিতে হইবে।
  - f) Jalpaiguri Zilla Regulated Market Committee' র অনুকূলে (অফেরৎযোগ্য) ১৫,০০০/- (পনেরোহাজার) টাকার DCR (২৬৮.৬৬ sq. ft. দোকান ঘড়ের জন্য) এবং ১০,০০০/- (দশহাজার) টাকার DCR (১২৮.৬৩ sq. ft. ও ১১০.০০ sq. ft. দোকান ঘড়ের জন্য)। লটারীতে অসফল ব্যক্তিকে উল্লেখিত DCR ফেরৎ দেওয়া হইবে।
  - g) আবেদনপত্র ও প্রয়োজনীয় নথি একটি খামের মধ্যে ভরে ও সিল করে নির্দিষ্ট বাস্তবের মধ্যে জমা করতে হবে।
- ৫। একজন ব্যক্তি শুধুমাত্র একবারই আবেদন করতে পারবে। যদি কোনো ব্যক্তি একাধিকবার আবেদন পত্র জমা করেন একই বাজারে দোকান ঘরের জন্য তাহলে প্রথম জমা করা আবেদনপত্রটি বাদে বাকি সব আবেদনপত্র বাতিল বলে ঘোষিত হবে। সেক্ষেত্রে DCR অফেরৎ যোগ্য হবে।
- ৬। লটারীতে সফল ব্যক্তিকে দোকান ঘরের জন্য বাজার সমিতি দ্বারা ধার্য অনুযায়ী সেলামী ১৫ দিনের মধ্যে Jalpaiguri Zilla Regulated Market Committee' কে প্রদান করতে হবে অন্যথায় তার বিতরন প্রক্রিয়া বাতিল বলে ঘোষিত হবে এবং সেক্ষেত্রে DCR অফেরৎযোগ্য হবে।
- ৭। বাজার সমিতির কতৃক ধার্য অনুযায়ী সেলামী জমা করার পর চুক্তিপত্র তৈরি করে নিতে হবে ও ১ (এক) মাসের মধ্যে দোকান চালু করিতে হবে। যদি কেউ দোকান ঘর নেওয়ার পর দোকান ঘর বন্ধ রাখেন তা নির্দিষ্ট সময় পর দোকান ঘরটির বৈধতা বাতিল করা হবে। সেক্ষেত্রে সেলামী অফেরৎযোগ্য হবে।
- ৮। দোকান ঘরের ভাড়া সরকার নির্ধারিত ধার্যমূল্যে প্রসিমাতে Jalpaiguri Zilla Regulated Market Committee' কে প্রদান করতে হবে, এছাড়া প্রতি মাসে ১৫০.০০ টাকা পথবাতি বা বাজার চত্বরের আলোকিত করার জন্য মাণ্ডল দিতে হবে যা আগামী দিনে পরিবর্তন যোগ্য এবং বাজার পরিষ্কারের জন্য মাণ্ডল দিতে হবে কতৃপক্ষ দ্বারা ধার্য মূল্যে।
- ৯। দোকান ঘরের বৈদ্যুতিক লাইন স্থাপন করলে স্থানীয় ইলেকট্রিক অফিসে যোগাযোগ করতে হবে। প্রয়োজনে জলপাইগুড়ি জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতির NOC প্রদান করবে।
- ১০। কতৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

বিস্তারিত তথ্যাবলীর জন্য বেলাকোবা কৃষক বাজারের প্রশাসনিক ভবন অফিসে অথবা জলপাইগুড়ি প্রধান কার্যালয়ে যোগাযোগ করুন।

ধন্যবাদান্তে  
  
সচিব  
জলপাইগুড়ি জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতি  
Secretary  
Jalpaiguri Zilla Regulated Market Committee